**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
*********************

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া ✲ DAILY।দৈনিক ✲ RNI:WBBEN/2020/81746 ✲ 13 JULY 2025 , SUNDAY । ১৩ জুলাই ২০২৫ , রবিবার ✲ VOLUME । বর্ষ-5 ✲ ISSUE । সংখ্যা-331 ✲ PAGE । পৃষ্ঠা-4

## বাল্য বিবাহ ,পকসো ,শিশু পাচার ,শিশু সুরক্ষা বিষয়ে ব্লক স্তরের এক দিবসীয় কর্মশালা




সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ , আলিপুরদুয়ার ,১২ জুলাই : ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস এর উদ্যোগে ও আলিপুরদুয়ার জেলা প্রশাসনের সহায়তায় শনিবার মাদারীহাট বীরপাড়া বিডিও অফিসে উক্ত পঞ্চায়েত সমিতির হলঘরে আয়োজিত হয় বাল্য বিবাহ ,পকসো ,শিশু পাচার , শিশু সুরক্ষা বিষয়ক এক দিবসীয় কর্মশালা। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন উক্ত কমিশনের সম্মানীয় চেয়ারম্যান , আলিপুরদুয়ার এর অতিরিক্ত জেলাশাসক , ব্লক স্তরের আধিকারিকগন সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ও মাদারীহাট বীরপাড়া পঞ্চায়েত সমিতির নির্বাচিত জনপ্রতিনিধিগন। কর্মশালায় শিশুদের অধিকার ও সেগুলি রক্ষার বিভিন্ন উপায় সম্পর্কে আলোচনা হয়।

## ফুলকপির বস্তার আড়ালে মদ পাচারের ছক ভেস্তে দিলো আবগারি দপ্তর ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ১২ জুলাই : ফুলকপির বস্তার আড়ালে মদের কার্টন বোঝাই করে বিহারে পাচারের ছক কষেছিলো পাচারকারি। কিন্তু আবগারি দপ্তরের অভিযান ভেস্তে দিলো সেই ছক। জানা গেছে আবগারি দপ্তরের শিলিগুড়ির সার্কেলের ওসি দিপক টিগগা গোপন সূত্র মারফত খবর পান যে পিক আপ ভ্যানে ফুলকপির বস্তার আড়ালে করে মদ পাচার হচ্ছে। খবর পেয়ে তিনি কর্মীদের নিয়ে শনিবার সকালে অভিযান শুরু করেন। শিলিগুড়ি স্টেট গেস্ট হাউজের সামনে তারা পিক আপ ভ্যানটিকে আটক করে তল্লাশী চালান। তল্লাশীতে পিক আপ ভ্যানে বোঝাই ফুলকপির বস্তার আড়াল থেকে উদ্ধার হয় একশো পঞ্চাশ কার্টন মদ। গ্রেপ্তার করা হয় পিক আপ ভ্যানের চালক রোশন কুমারকে। রোশন কুমার বিহারের বাসিন্দা। আবগারি দপ্তর সূত্রে জানা গেছে মোট আঠারোশ বোতল মদ উদ্ধার হয়েছে ,আনুমানিক বাজার মূল্য একচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার টাকা। ধৃতকে শনিবার শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে। এই পাচার চক্রে আরও কারা জড়িত তা জানতে তদন্ত শুরু করেছে আবগারি দপ্তর।

## লক্ষাধিক টাকার অবৈধ মদ বাজেয়াপ্ত আবগারি বিভাগের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই : কুমারগ্রাম ব্লকের তেলিপাড়া টোলপ্লাজা এলাকায় অসম থেকে আসা একটি বাস থেকে বিপুল পরিমাণ মদ ও বিয়ার বাজেয়াপ্ত করল আবগারি বিভাগের কুমারগ্রাম সার্কেল। গোপন সূত্রের খবরের ভিত্তিতে শুক্রবার রাতে অভিযান চালিয়ে ওই বাস থেকে ২৪৩.৩ লিটার অবৈধ মদ এবং ১৮০ লিটার বিয়ার বাজেয়াপ্ত করেছে আবগারি বিভাগ। যার আনুমানিক বাজারমূল্য ৩১ লাখ ৯৮ হাজার ২৫০ টাকা। জানা গিয়েছে, বাসটি অসম থেকে বিহারে যাচ্ছিল। বাসে চারজন যাত্রী ছিলেন। তাদের জিজ্ঞাসাবাদ করে আবগারি বিভাগ জানতে পারে , অবৈধ মদ পাচারের বিষয়টি তাদের জানা নেই। এরপর ওই চারজনকে ছেড়ে দেওয়া হয়। তবে বাসের চালক অনিলকুমার যাদব ও কন্ডাক্টর জীতেন্দ্রকুমার মণ্ডলকে আটক করে আবগারি বিভাগ। তাদের জিজ্ঞাসাবাদ করে আবগারি বিভাগ জানতে পারে , বাসের মালিক গৌরীশঙ্কর যাদবের নির্দেশমতো বাসে অবৈধ মদ বোঝাই করে বিহারে নিয়ে যাওয়া হচ্ছিল। বাসের মালিক যাতে ধরা না পড়েন তার জন্য কায়দা করে অন্য আরেকটি বাসে যাচ্ছিলেন। পরে মাদারিহাট থানা এলাকায় তাকেও আটক করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে আবগারি বিভাগ।

## আলিপুরদুয়ারে পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিমের পথসভা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই : আলিপুরদুয়ারে সাংবাদিক সম্মেলন করলেন সিপিআইএমের পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক তথা পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিম। শনিবার বিকেল সাড়ে তিনটা নাগাদ সাংবাদিক সম্মেলন শেষ হয় এমনটাই জানিয়েছেন সিপিআইএম নেতা কিশোর দাস। সাংবাদিক সম্মেলন করে রাজ্যের বর্তমান পরিস্থিতি সহ তৃণমূল সরকার এবং বিজেপি সরকারের তুলোধনা করেন পলিটব্যুরো সদস্য মহম্মদ সেলিম। রাজ্য সরকারের বিভিন্ন আইন থেকে শুরু করে কেন্দ্রীয় সরকারের আইন নিয়ে সমালোচনা করেন তিনি। আলিপুরদুয়ার জেলার কংগ্রেস নিয়েও অনেকক্ষণ সময় অপব্যয় করেছেন বর্ষীয়ান সিপিআইএম নেতা। রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের সামনে নানা রকম প্রশ্ন তুলে ধরেন তিনি। এদিন সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন তার সঙ্গে কিশোর দাস সহ সিপি আইএম এর বিভিন্ন নেতৃত্বরা।

## জেলার কথা

# চোরাই কাঠ বোঝাই গাড়ি আটক করল বন কর্মীরা





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই : নর্থ রায়ডাক রেঞ্জের বন কর্মীরা ,সেগুন কাঠ বোঝাই করার সময় একটি চার চাকার গাড়িকে আটক করে। বিষয়টি শামুকতলা থানায় লিখিত আকারে জানানো হয়েছে শনিবার বেলা দুটা নাগাদ। বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল থেকে গাছ কেটে চার চাকার ছোট গাড়িতে বোঝাই করার সময় হাতেনাতে ধরে ফেলে বনদপ্তরের নর্থ রায়ডাক রেঞ্জের রেঞ্জার শ্যামল মন্ডল সহ অন্যান্য বনকর্মীরা ,রাত সাড়ে তিনটা নাগাদ। হাতিপোতার লিম্বু ধুরা এলাকা থেকে কাঠ বোঝাই গাড়িটিকে উদ্ধার করে নিয়ে আসে বনদপ্তরের কার্যালয়ে। বনদপ্তরের আধিকারিক সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে এদিন তারা অভিযান চালায় অধিক রাতে। অভিযান চালিয়ে চোরাই কাঠের গোলাই বোঝাই ছোট গাড়িটিকে আটক করে। কম করে ৩৫ সিএফটি সেগুন কাঠ রয়েছে গাড়িটিতে জানিয়েছেন নর্থ রায়ডাক রেঞ্জের রেঞ্জার শ্যামল মন্ডল। গাড়িটিকে আটক করার পরেই শনিবার বেলা দুইটা নাগাদ বিষয়টি লিখিত আকারে শামুকতলা থানার পুলিশ কে জানানো হয়। অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে জানিয়েছেন রেঞ্জার শ্যামল মন্ডল।

## কাগজের নৌকা

**১৩ জুলাই ২০২৫ , রবিবার**

### ঠিকানা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

ঠিকানা নিয়ে কবুতর , পাখা মেলে আকাশে যে ওড়ে ,
গগন -পানে শুধুই চেয়ে থাকে ,আকাশ কি সেটা জানে !
কোথাও বাঁজলে যে মেঘের নুপুর ,
পদ্ম পাতায় টলমল করে বিষাদ দুপুর ,
জলের আয়নায় কাজল এঁকেছে ,
অভিমানে নয়ন- যুগল বড্ড যে সেজেছে ,
সুখ-দুঃখের সবটুকু যে স্মৃতি হয়ে থাকে ,
হয়তো বা শূন্যে যাযাবরের মতো ঘোরাফেরা করে ,
ওই তীর ভাঙা গাঙ্গে ,অবহেলায় রসস্তটুকু ,
স্মৃতি হয়ে থাকে ,যদি আসে কোন ঠিকানা ,
হয়তো বা শূন্যে ছুঁড়ে ফেলে দেবে ,
বিষাদময় স্মৃতির মায়া , আঁকা স্মৃতি হয়ে থাকে ,
শেষ পাতায় যাতনা- গুলো ,বেল কাঁটার মত বিদ্ধ হয় ,
নির্জনে বসে অনুযোগের হালকা ছিল রেশ ,
আকাশ জুড়ে জোৎস্না ছিল বেশ ,
চাঁদের অকাল অমাবস্যার রাতে ,
নালিশের আজ দেখেছি বান ,
মেঘ যখন ব্যস্ত তারই উদযাপনে ,
আঙ্গুল ছোঁয়ার ওই স্বপ্ন-শিহরণ ,
আড়ালে রয়েছে তার স্পর্শকাতর মন।
মেঘের কোলে আছে যে বসত ঘর ,
দিগন্ত-পানে ভোরের মুখ প্রসারিত ,
চাঁদ যে এখন ওই অভিমানেই উল্লোষিত।।

# পুলিশ অফিসার কে বিদায় সংবর্ধনা এলাকাবাসীর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই : শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব কে বিদায় সংবর্ধনা জানালেন কামারপাড়া এলাকার বাসিন্দারা শনিবার রাত সাড়ে নটা নাগাদ। গত ২০২৪ সালের নভেম্বর মাসে শামুকতলা রোড ফাঁড়িতে ওসির দায়িত্ব গ্রহণ করেছিলেন তিনি। ওসি হিসেবে দায়িত্ব গ্রহণ করার পরেই এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি মাদকদ্রব্য ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যাপক অভিযান চালিয়েছেন তিনি। বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত ব্যক্তিদের গ্রেপ্তারও করেছেন তিনি। ফলে এলাকা অনেকটাই শান্ত প্রিয় হয়ে উঠেছিল। শুক্রবার জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি বদলির তালিকা প্রকাশিত হওয়ার পর জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব কে সোনাপুর পুলিশ ফাঁড়ির দায়িত্বে যেতে হচ্ছে। এরপরেই শনিবার রাত সাড়ে নটা নাগাদ কামারপাড়া এলাকার বাসিন্দারা দেবাশীষ দেবকে সংবর্ধনা জানান। পাশাপাশি ফাঁড়িতে থাকা অন্যান্য পুলিশ কর্মীদেরও সংবর্ধনা জানানো হয় ভালো কাজের জন্য। উল্লেখ্য আলিপুরদুয়ার জেলার সোনাপুর এলাকায় প্রচন্ড রাজনৈতিক উত্তেজনা চলছে। সোনাপুর এলাকায় শান্তি ফিরিয়ে আনার লক্ষ্যেই দেবাশীষ দেব কে সোনাপুর পুলিশ ফাঁড়িতে বদলি করা হয়েছে জেলা পুলিশের পক্ষ থেকে।

# বৃষ্টি নেই ,সেচের জলের উপর নির্ভর করছে আমন ধান রোপন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই : অনাবৃষ্টির ফলে কৃষকদের মাথায় হাত। আমন ধান রোপন করতে গিয়ে ঘন্টায় ২০০ টাকা দিতে হচ্ছে জলের জন্য এমনটাই জানা গেছে কৃষকদের সঙ্গে কথা বলে শনিবার বিকেল পাঁচটা নাগাদ। এক বিঘা জমি রোপন করতে আট ঘন্টা জল দিতে হচ্ছে। এছাড়া রোপন করার পর কমপক্ষে চার ঘন্টা জল দিতে হচ্ছে। সর্বসাকুল্যে ১২ ঘন্টা জল দিতে গিয়ে খরচ হয়ে যাচ্ছে ২৪০০ টাকা। আষাঢ় মাস শেষ হতে চলল কিন্তু বৃষ্টির দেখা নেই নদী-নালা শুকিয়ে গেছে কৃষকদের একমাত্র ভরসা পাম্পসেট দিয়ে ধান রোপন করা। কৃষকদের কাছ থেকে জানা গেছে বীজ তোলা বড় হয়ে যাচ্ছে যার ফলে রোপন করা জরুরি প্রয়োজন কিন্তু জলের অভাবে অনেক বীজতলা নষ্ট হয়ে গেছে। তাদের কাছ থেকে আরো জানা গেছে অনেক জমিতেই জল সেচের ব্যবস্থা নেই হলে আমন ধান রোপন করা কঠিন বিষয় হয়ে দাঁড়াচ্ছে তাদের কাছে। এদিকে ধান রোপণ না হলে সারা বছর তাদের চলবে কি করে তাই নিয়ে কপালে ভাঁজ করেছে কৃষকদের।



# আলিপুরদুয়ার জেলা হাসপাতাল থেকে রোগী নিখোঁজ এর প্রতিবাদে বিক্ষোভ বিজেপির



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ১২ জুলাই : আলিপুরদুয়ার জেলা হাসপাতাল থেকে রোগী নিখোঁজ এর প্রতিবাদে শনিবার হাসপাতালের সামনে অবস্থান বিক্ষোভ করেন আলিপুরদুয়ার জেলা বিজেপি র কর্মী সমর্থকরা। বিক্ষোভে নেতৃত্ব দেন দলের জেলা সভাপতি মিঠু দাস, জেলা সম্পাদক শংকর সিনহা। জানা গেছে শনিবার ভোরে হাসপাতাল থেকে নিখোঁজ হয়ে যান হাসপাতালে ভর্তি থাকা কালচিনি ভাটপাড়ার বাসিন্দা বিশ্বাসী ওঁরাও। তাকে চলতি মাসের নয় তারিখ হাসপাতালে ভর্তি করা হয়। শনিবার সকাল থেকে তাকে খুঁজে পাওয়া যাচ্ছিলোনা। এই খবর ছড়িয়ে পড়তেই রোগীর পরিবার এর লোকজন হাসপাতাল এর নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তোলেন। তাদের পাশে দাঁড়ান জেলা কংগ্রেসের নেতৃত্ব। এরপর আসরে নামে বিজেপি। সাঁড়াশি চাপে পড়ে হাসপাতাল কর্তৃপক্ষ পুলিশের দ্বারস্থ হয়। পুলিশ হাসপাতালের সিসি টিভি দেখে বুঝতে পারে রোগী শনিবার ভোর চারটে বারো মিনিট নাগাদ হাসপাতাল থেকে বেরিয়ে যায়। পুলিশ ও সাধারন মানুষ প্রশ্ন তুলতে শুরু করেন নিরাপত্তা রক্ষীদের ও হাসপাতাল ওয়ার্ডে কর্তব্যরত নার্স বা অন্যান্যদের দায়িত্ববোধ সম্পর্কে। শেষ পর্যন্ত পুলিশ নিখোঁজ রোগীকে শহর লাগোয়া নোনাই এলাকা থেকে উদ্ধার করে নিয়ে আসে ও হাসপাতাল কর্তৃপক্ষের হাতে তুলে দেয়। বিজেপি র জেলা সভাপতি মিঠু দাস জানান হাসপাতাল কর্তৃপক্ষের এই খামখেয়ালিপনার বিরুদ্ধে তদন্ত করে দোষীদের শাস্তির দাবি জানাচ্ছেন তারা।

# উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির দিনহাটা থানার উদ্যোগে





নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কোচবিহার , ১২ জুলাই : কোচবিহার জেলা পুলিশের দিনহাটা থানার উদ্যোগে শনিবার দিনহাটা থানা চত্বরে আয়োজিত হয় উৎসর্গ কর্মসূচি অনুসারে স্বেচ্ছা রক্তদান শিবির। উক্ত শিবিরের পাশাপাশি আয়োজিত হয় নিঃশুল্ক চক্ষু পরীক্ষা ও স্বাস্থ্য পরীক্ষা শিবির। এদিন শিবিরে পুলিশ কর্মী ,সিভিক ভলান্টিয়ার এবং সাধারন মানুষ স্বেচ্ছায় রক্তদান করেন। শিবিরে মোট একশ পঁচিশ ইউনিট রক্ত সংগৃহীত হয়। পাশাপাশি পুলিশ কর্মী , সিভিক ভলান্টিয়ার সহ এলাকার সাধারন মানুষদের চক্ষু ও স্বাস্থ্য পরীক্ষা করা হয়। উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ , দিনহাটা পৌরসভার চেয়ারম্যান অপর্না দে নন্দী , জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য , অতিরিক্ত পুলিশ সুপার শ্রী কৃষ্ণগোপাল মীনা , দিনহাটা মহকুমা পুলিশ আধিকারিক ধীমান মিত্র , দিনহাটা থানার আই সি সহ অন্যান্য পুলিশ আধিকারিক ও কর্মীগন।

# প্রচুর পরিমাণে মদ উদ্ধার আবগারি দপ্তরের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১২ জুলাই : এসএসবি ও আবগারি দফতরের যৌথ অভিযানে বানচাল হল ভুটান থেকে এদেশে মদ পাচারের পরিকল্পনা। গাড়ি সহ গ্রেফতার এক ভুটান নাগরিক। শনিবার গোপনসূত্রের খবরের ভিত্তিতে এসএসবি ৫৩ ব্যাটালিয়নের সহায়তায় সীমান্ত শহর জয়গাঁর ভুটান প্রবেশদ্বারে নাকা চেকিং চালায় জয়গাঁ আবগারি দফতর ।সেই নাকা চেকিং চলাকালীনই ভুটান থেকে আসা একটি গাড়ি আটক করে আবগারি দফতর। এরপরই প্রবেশদ্বারে গাড়ি রেখে পালিয়ে যায় চালক।তবে এ ঘটনায় গাড়িতে থাকা ওপর এক ব্যক্তি রিনচেন দর্জি ডুকপাকে আটক করে আবগারি দফতর। গাড়িতে তল্লাশি চালাতেই উদ্ধার হয় প্রায় ৭৪ লিটারের কাছাকাছি ভুটান মদ। অভিযুক্ত ওই ভুটানের নাগরিকের পরিবারের সদস্যরাও এই অবৈধ ভুটান মদ পাচারের সাথে যুক্ত বলে অনুমান আবগারি দফতরের।কেননা আবগারি দফতর সূত্রে খবর , গত ৮ জুলাই এই অভিযুক্তের ভাই শেরিং ডুকপাকেও একইভাবে মদ পাচার করতে গিয়ে গ্রেফতার করেছিলেন আবগারি দফতরের আধিকারিকরা। ঘটনার তদন্ত শুরু করেছে জয়গাঁ আবগারি দফতর।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।